মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড, চট্টগ্রাম
১০১৪/নিউ, সিডিএএভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২/(অংশ-৯)/১৬২৮(২৩১)

তারিখ : ২৯/০৩/২০২৬ খ্রি.

বিষয়: আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্র সচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের প্রতি মহাপরিচালক মহোদয়ের বিশেষ নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.২৭ তারিখ: ২৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংযুক্ত বিজ্ঞপ্তি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

২৯।৩।২৬

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪
Email:ce@bise-ctg.gov.bd

প্রাপক
১। কেন্দ্র সচিব, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬ এবং
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এসএসসি পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় জ্ঞাতার্থে জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক- ১ ও ২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
৬। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
৭। উপজেলা নির্বাহ অফিসার, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
৮। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ
৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় (সকল উপজেলা/থানা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১০। পিএ টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য) চশিবো।
১১। সংরক্ষণ, নথি।

E:\SSC\SSC 2026\Camera for SSC Exam Center 2026.docx

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.২৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের প্রতি বিশেষ নির্দেশনা।

সূত্র: ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হতে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। আসন্ন পরীক্ষায় যেকোনো ধরনের অনিয়ম প্রতিরোধে সরকার শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি গ্রহণ করেছে। উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

(১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা-২০২৬ গ্রহণের লক্ষ্যে নির্বাচিত প্রতিটি পরীক্ষা কেন্দ্রসহ কেন্দ্রের প্রতিটি কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপণ নিশ্চিত করতে হবে;
(২) যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা অচল/অকেজো অবস্থায় রয়েছে, সে সকল পরীক্ষা কেন্দ্রের সিসিটিভি ক্যামেরা পরীক্ষা শুরুর পূবেই সচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(৩) সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত সকল ভিডিও যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তা সরবরাহ করতে হবে;
(৪) সকল পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে ঘড়ি (কাটাওয়ালা) টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(৫) স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা রক্ষার্থে পর্যাপ্ত নিরাপত্তা বাহিনীর সদস্য মোতায়েনের ব্যবস্থা করতে হবে;
(৬) কেন্দ্রসচিব ব্যতিত পরীক্ষার হলে কোনো শিক্ষক/পরীক্ষার্থী যাতে মোবাইল ফোন ব্যবহার করতে না পারে তা নিশ্চিত করতে হবে;
(৭) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী কোনো পরীক্ষার্থী যাতে কোনো উপায়েই নকল বা অসদুপায় অবলম্বন করতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে। মেয়ে পরীক্ষার্থীদের ক্ষেত্রে মহিলা শিক্ষক দ্বারা দেহ তল্লাশির ব্যবস্থা করতে হবে;
(৮) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে অভিভাবকসহ শিক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা টাঙিয়ে দিতে হবে;
(৯) প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পরিস্কার পরিচ্ছন্নসহ পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
(১০) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক কেন্দ্রসচিবদের প্রতি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
(১১) সর্বোপরি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনে কোন প্রকার অবহেলা/গাফিলতির কারণে অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিবসহ দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।

CS CamScanner

২৮-০৩-২০২৬
প্রফেসর বি. এম. আব্দুল হান্নান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কেন্দ্রসচিব, সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এস.এস.সি/সমমান পরীক্ষা কেন্দ্র-২০২৬ এবং
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এস.এস.সি/সমমান পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.২৭/১ (১৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক- ১ ও ২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৬। পরিচালক (কলেজ ও সাধারণ প্রশাসন/মাধ্যমিক/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১০। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় (সকল জেলা)[নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১১। উপজেলা নির্বাহ অফিসার, উপজেলা নির্বাহ অফিসারের কার্যালয় (সকল উপজেলা)।
১২। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি........... [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় (সকল উপজেলা/থানা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং
১৫। সংরক্ষণ, নথি।

২৮-০৩-২০২৬
মোঃ ইউনুছ ফারুকী
উপপরিচালক